

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৫৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّفَائِقِ)

পরিচ্ছেদঃ যে যিকির কোন ব্যক্তি সকালে পাঠ করলে সন্ধ্যা পর্যন্ত আর সন্ধ্যায় পাঠ সকাল পর্যন্ত নিজেকে হেফায়ত করতে পারে

ذِكْرُ الشَّيْءِ الَّذِي يَحْتَرِزُ الْمَرْءُ بِهِ مِنْ فَاجِئَةِ الْبَلَاءِ حَتَّى يُمْسِيَ إِذَا قَالَ ذَلِكَ عِنْدَ الصَّبَاحِ وَحَتَّى يُصْبِحَ إِذَا قَالَ ذَلِكَ عِنْدَ الْمَسَاءِ

আরবী

859 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ قَالَ: حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ عِيسَى يَعْنِي الْبِسْطَامِيَّ قَالَ: حَدَّثَنَا أَنَسُ بْنُ عِيَاضٍ عَنْ أَبِي مَوْدُودٍ عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبِ الْقُرْظِيِّ عَنْ أَبَانَ بْنِ عُثْمَانَ عَنْ عُثْمَانَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ قَالَ حِينَ يُصْبِحُ ثَلَاثَ مَرَّاتٍ بِسْمِ اللَّهِ الَّذِي لَا يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ لَمْ تَفْجَأْهُ فَاجِئَةٌ بَلَاءٍ حَتَّى يُمْسِيَ وَمَنْ قَالَهَا حِينَ يُمْسِي لَمْ تَفْجَأْهُ فَاجِئَةٌ بَلَاءٍ حَتَّى يُصْبِحَ) وَقَدْ كَانَ أَصَابَهُ الْفَالِجُ فَقِيلَ لَهُ: أَيْنَ مَا كُنْتَ تُحَدِّثُنَا بِهِ؟ قَالَ: إِنَّ اللَّهَ حِينَ أَرَادَ بِي مَا أَرَادَ أَنْسَانِيهَا.

الراوي : عُثْمَانُ الْمَحْدَثُ : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 849 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৮৫৯. উসমান রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি সকাল বেলায় তিনবার বলবে **بِسْمِ اللَّهِ الَّذِي لَا يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ** (আল্লাহর নামে [সকাল করছি], যার নামের সাথে আসমান ও জমিনে কোন কিছুই ক্ষতি করতে পারে না, তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।) তাকে সন্ধ্যা পর্যন্ত কোন আকস্মিক বিপদ তাকে আক্রান্ত করবে না, আর যদি সে সন্ধ্যায় এটি বলে, তাহলে সকাল পর্যন্ত কোন আকস্মিক বিপদ তাকে আক্রান্ত করবে না।[1]

হাদীসের বর্ণনাকারী আবান রহিমাহুল্লাহর পক্ষাঘাত হয়, তখন তাকে বলা হয়, “আপনি তো এই হাদীস আমাদেরকে বর্ণনা করেছেন, তাহলে আপনি নিজে তার উপর কেন আমল করেননি?” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই আল্লাহ আমার ব্যাপারে যা ইচ্ছা করার, যখন তিনি তা ইচ্ছা করলেন, তখন তিনি তা আমাকে বলতে ভুলিয়ে দিয়েছেন।”

## ফুটনোট

[1] আবু দাউদ: ৪৮৫৬; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৪০৪; মুসনাদ আহমাদ: ২/৪৩২; মাজমা'উয যাওয়াইদ: ১০/৮০; তিরমিযী: ৩৩৮০; সুনান বাইহাকী: ৩/২১০; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৫৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ২/ ২২৭।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89362>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন